দৈনিক জনকণ্ঠ

APR. 02 200

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# দিল্লীর নেহরু বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হলে–

স্টাফ রিপোর্টার ॥ ভারতের প্রসিদ্ধ ও ব্যতিক্রমধর্মী বিদ্যাপীঠ নয়াদিল্লীর জওয়াহেরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে (জেএনইউ) বাংলাদেশের মেধাবী ছাত্রছাত্রীদের স্বল্পব্যয়ে স্নাতকোত্তর শিক্ষার সুযোগ গ্রহণ করার জন্য আমন্ত্রণ জানিয়েছেন ভর্তি সংক্রান্ত স্থায়ী কমিটির চেয়ারম্যান ড. অশ্বিনী কে রায়।

তিনি বলেছেন, বাংলাদেশের ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উদার মনোভাব গ্রহণ করবে। বাছাই পরীক্ষায় উত্তীর্ণ সবাই ভর্তির সুযোগ পাবে। আগামী ১৫ থেকে ১৮ মে ঢাকায় ভাতচ্ছুদের বাছাই পরীক্ষা হবে।

রবিবার বিকালে ধানমণ্ডিস্থ ভারতীয় সাংস্কৃতিক কেন্দ্রে এক সাংবাদিক সম্মেলনে ড. রায় এ তথ্য প্রকাশ করেন। সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক ডিন প্রফেসর এমএইচ কোরেশীও উপস্থিত ছিলেন। তাঁরা জানান যে, বর্তমানে জেএনইউতে বিদেশী কোটায় বাংলাদেশী ৫০ ছাত্রছাত্রী নিজ খরচে অধ্যয়ন করছে। অন্যান্য ব্যয় ছাড়াও তাদের বছরে ১২০০ ডলার (৬০ হাজার টাকা) দিতে হয়। গত দু'দিনে ঢাকায় বহু ছাত্রছাত্রী তাঁদের সঙ্গে সাক্ষাত করেছে এবং জেএনইউতে ভর্তির আগ্রহ প্রকাশ করেছে। জেএনইউ আগামীবছর শ্রীলঙ্কা থেকে শিক্ষার্থীদের অনুরূপ আহ্বান জানাবে। বাংলাদেশ হতে এবার থেকে প্রতিবছরই ছাত্রছাত্রী ভর্তি করা হবে।